

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪.
www.lawjusticediv.gov.bd


বিচার-৪/৫সি-১৬/৮৪-৪৫৭

তারিখঃ ০৪-০৯-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে স্থাপিত বিডিআর হত্যাকাণ্ড মামলার অস্থায়ী আদালতে বিচারার্থীন বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭ (ACC জি,আর মামলা নং-৮৪/২০১১; সাবেক মেট্রো বিশেষ মামলা নং-৩০/১২; তৎপরবর্তী বিশেষ মামলা নং-০৫/১৩) এর বিচারিক আদালতের স্থান পরিবর্তন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে স্থাপিত বিডিআর হত্যাকাণ্ড মামলার অস্থায়ী আদালতে বিচারার্থীন বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭ (ACC জি,আর মামলা নং- ৮৪/২০১১; সাবেক মেট্রো বিশেষ মামলা নং-৩০/১২; তৎপরবর্তী বিশেষ মামলা নং-০৫/১৩) এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের ১২৫, নাজিমুদ্দিন রোডে অবস্থিত পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর প্রশাসনিক ভবনের কক্ষ নং- ০৭ এর অস্থায়ী আদালত ভবনে স্থানান্তর সংক্রান্ত গেজেটের কপি প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ প্রজ্ঞাপনের কপি


(মোঃ নুরুল আলম সিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৪১৬

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
৫. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৬. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. জেলা জজ, ঢাকা/মহানগর দায়রা জজ, ঢাকা।
৮. বিচারক, বিশেষ জজ আদালত-৫, ঢাকা।
৯. আইজি, প্রিজন।
১০. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১১. জেলা প্রশাসক, ঢাকা।
১২. পুলিশ সুপার, ঢাকা।
১৩. উপ-পুলিশ কমিশনার, প্রসিকিউশন, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৮. পিপি, জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা/পিপি, মহানগর দায়রা জজ আদালত, ঢাকা।
১৯. স্পেশাল পিপি, বিশেষ জজ আদালত-৫, ঢাকা।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা আইনজীবী সমিতি, ঢাকা।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২০ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/০৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৬১-আইন/২০১৮।—বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা-এ বিচারাধীন বিশেষ মামলা নং- ১৮/২০১৭ (ACC জি,আর মামলা নং- ৮৪/২০১১; সাবেক মেট্রো বিশেষ মামলা নং-৩০/১২; তৎপরবর্তী বিশেষ মামলা নং-০৫/১৩) যাহা তেজগাঁও থানার মামলা নং-১৫(৮)১১, section 109 of Penal Code, 1860 (Act No. XLV of 1860) এবং section 5(2) of Prevention of Corruption Act, 1947 যাহা জিয়া চ্যারিটেবল ট্রাস্টের ঢাকা আত্মসাৎ সংক্রান্ত, যাহার বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত অস্থায়ী আদালত ভবনে পরিচালিত হইতেছে। বর্ণিত মামলার বিচার কার্যক্রম চলাকালীন সময়ে এলাকাটি জনাকীর্ণ থাকে বিধায় নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-১৮/২০১৭ এর বিচার কার্যক্রম পরিচালনা করিবার জন্য ঢাকা মহানগরের ১২৫ নাজিমুদ্দিন রোডে অবস্থিত পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর প্রশাসনিক ভবনের কক্ষ নং-৭ কে অস্থায়ী আদালত হিসাবে ঘোষণা করিল এবং এতদ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-১৮/২০১৭ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের ১২৫ নাজিমুদ্দিন রোডে অবস্থিত পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর প্রশাসনিক ভবনের কক্ষ নং-৭ এর অস্থায়ী আদালতে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মাহবুবুর রহমান সরকার
উপসচিব (প্রশাসন-১)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৮২৭)

মূল্য : টাকা ৪.০০